

# **■■** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪১০২

পর্ব-২০: শিকার ও যাবাহ প্রসঙ্গে (حناب الصيد والذبائح)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - কুকুর সম্পর্কে বর্ণনা

### আরবী

عَن عبد الله بن مُغفَّل عَن النَّبِيِّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «لَوْلَا أَنَّ الْكِلَابَ أُمَّةٌ مِنَ الْأُمْمِ لَأَمْرْتُ بِقَتْلِهَا كُلِّهَا فَاقْتُلُوا مِنْهَا كُلَّ أَسْوَدَ بَهِيمٍ» . رَوَاهُ أَبُو دَاوُدَ وَالدَّارِمِيُّ وَزَادَ الْأُمْمِ لَأَمْرْتُ بِقَالُهَا كُلِّ مَنْ عَمَلِهِمْ كُلَّ يَوْمٍ التِّرْمِذِيُّ وَالنَّسَائِيُّ: «وَمَا مِنْ أَهْلِ بَيْتٍ يَرْتَبِطُونَ كَلْبًا إِلَّا نَقَصَ مِنْ عَمَلِهِمْ كُلَّ يَوْمٍ قِيرَاطُ إِلَّا نَقَصَ مِنْ عَمَلِهِمْ كُلَّ يَوْمٍ قِيرَاطُ إِلَّا كَلْبَ صَيَيْدٍ أَوْ كَلْبَ حَرْثٍ أَوْ كَلْبَ عنم»

#### বাংলা

8১০২-[৫] 'আবদুল্লাহ ইবনু মুগাফফাল (রাঃ) হতে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যদি কুকুর (আল্লাহর সৃষ্ট) সম্প্রদায়গুলোর মধ্যে একটি সম্প্রদায় না হত, তবে আমি সমুদয় কুকুর বধ করার নির্দেশ দিতাম। তবে যেগুলো মিশমিশে কালো তোমরা সেগুলো বধ করো। (আবূ দাউদ ও দারিমী)[1]

আর তিরমিয়ী ও নাসায়ী এ কথাগুলো বর্ধিত বর্ণনা করেছেন, যে পরিবারের লোকেরা শিকারী কুকুর, ক্ষেত-খামার পাহারাদানকারী কুকুর কিংবা মেষ-দুম্বা রক্ষণাবেক্ষণে নিয়োজিত কুকুর ভিন্ন অন্য কোন প্রকারের কুকুর পুষবে, তাদের 'আমল হতে প্রত্যহ এক কীরাত্ব পরিমাণ হ্রাস পাবে।

## ফুটনোট

[1] সহীহ: সহীহ আবূ দাঊদ ২৫৩৫, তিরমিয়ী ১৪৮৬, ১৪৯০, ইবনু মাজাহ ৩২০৫, দারিমী ২০০৮, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১১৩৫৬, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১৬৬১, মুসনাদে আবূ ইয়া'লা ২৪৪২, মুসনাদে আহমাদ ইবনু হাম্বাল ২০৫৬৬, নাসায়ী ৪২৮০।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ 'আল্লামা ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেনঃ আলোচ্য হাদীসটি আল্লাহ তা'আলার কথার দিকে ইঙ্গিত করে। আল্লাহ তা'আলা বলেন, ''ভূপৃষ্ঠে চলমান প্রতিটি জীব এবং বায়ুমণ্ডলে দু' ডানার সাহায্যে উড়ন্ত প্রতিটি পাখিই তোমাদের



মতই এক ও একটি জাতি।" (সূরাহ্ আল আন্'আম ৬ : ৩৮)

অর্থাৎ তারা সৃজনশীল ও তাসবীহ তাহলীলে তোমাদের মতই। 'আল্লামা খত্ত্বাবী (রহিমাহুল্লাহ) বলেনঃ আলোচ্য বক্তব্য দ্বারা উদ্দেশ্য হলো নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জাতিকে নিঃশেষ করা পছন্দ করেন না; কেননা পৃথিবীর প্রতিটি সৃষ্টিকুলের মাঝে আল্লাহ তা'আলার কোন না কোন হিকমাত রয়েছে এবং রয়েছে আত্মশুদ্ধির উপমা। তিনি বলেন, ব্যাপারটা যদি এমন হয় যে, যদি কুকুর হত্যা ছাড়া কোন পথ খোলা না থাকে তাহলে গাঢ় কালো ক্ষতিকারক কুকুরগুলো হত্যা কর এবং অবশিষ্টগুলো ছেড়ে দাও যাতে তোমরা পাহারার কাজে নিয়োজিত করার মাধ্যমে উপকার গ্রহণ করতে পার। ('আওনুল মা'বৃদ ৫ম খন্ড, হাঃ ২৮৪২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু মুগাফফাল (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন